তারিখ 12 MAR 2015
পৃষ্ঠা ১ কলাম ২

দৈনিক
জনকণ্ঠ

# পরীক্ষার দুই ঘণ্টা আগেই প্রশ্ন ফাঁস, ৩ জনের বিরুদ্ধে মামলা

স্টাফ রিপোর্টার ॥ পরীক্ষার দুই ঘণ্টা আগেই প্রশ্নপত্র পরীক্ষার্থীদের হাতে দেয়ার ঘটনায় টঙ্গী শফিউদ্দিন সরকার একাডেমির দুই শিক্ষকসহ তিনজনের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে। এইচএসসি পরীক্ষার প্রশ্ন ফাঁসের এ কেলেঙ্কারির ঘটনার এক দিনের মাথায় বৃহস্পতিবার ঢাকা শিক্ষাবোর্ড বাদী হয়ে টঙ্গী থানায় এ মামলা দায়ের করেছে। এদিকে শিক্ষার্থীদের বেতন, ফি'র মাধ্যমে

(২ পৃষ্ঠা ৭ কঃ দেখুন)

## পরীক্ষার দুই

(প্রথম পৃষ্ঠার পর)

তৈরি ফান্ডের টাকায় কর্মচারী ইউনিয়নের নেতাদের রাজকীয় অভিষেক অনুষ্ঠান নিয়ে অস্থিরতা ছড়িয়ে পড়েছে কারিগরি শিক্ষা বোর্ডে। বৃহস্পতিবার আগারগাঁও কারিগরি বোর্ডের ফান্ডে থাকা শিক্ষার্থীদের লাখ লাখ টাকা ব্যয় করে আয়োজন করা হয়েছিল কর্মচারী নেতাদের রাজকীয় অভিষেক অনুষ্ঠান। ঘটনার প্রতিবাদে আন্দোলনের হুমকি দিয়েছেন শিক্ষক-শিক্ষার্থীরা।